হ্যারিংগে সিটিজান

এডভাইস ব্যুরো

ধারদেনা এবং টাকাপয়সা

DEBT AND MONEY

উপদেশ(advice)এবং তথ্যের(information) তালিকা

?

বেশীরভাগ মানুষই টাকা পয়সা ধার করে থাকেন এবং তাদের ধারদেনা থেকে থাকে। খবরের কাগজে মর্টগেজ এবং বাড়ীভাড়া বাকী পড়ার, উচ্চমানের সুদ এবং কাউন্সিল টেক্সের নানারকমের গল্পে ভরা থাকে। অতএব এটা মনে রাখবেন যে আপনি একা নন। বহু লোকের পক্ষেই তাদের বর্ত্তমান আয়ে সংসার চালানো কঠিন।

আপনার ধার দেনার ব্যপারে সহায়তা করার জন্য হ্যারিংগে সিটিজান এডভাইস ব্যুরো এই উপদেশ(advice) এবং তথ্যের(information) তালিকা প্রকাশ করাছে। আপনার বেশীরভাগ ধার দেনা, ধাপে ধাপে আপনি কি ভাবে শোধ করতে পারবেন এই তালিকা সে সন্বন্ধে আপনাকে সহায়তা করবে। এর মধ্যে আয়-ব্যয়(budget) এবং ধার দেনা কি ভাবে শোধ করতে পারবেন তার পরিকল্পনা করার জন্য তালিকা তৈরী করা আছে। আপনাকে সেই তালিকাগুলি কেবল পূরণ করতে হবে।

বহু মানুষ তাদের ধার দেনার বিষয়ে সাহায্যের জন্য সিটিজান এডভাইস ব্যুরোতে আসেন। তাদেরকে যে উপদেশ দেওয়া হয়েছে সেই সকল অভিজ্ঞতার উপর ভিত্তি করে এই উপদেশ(advice) এবং তথ্যের(information) তালিকা প্রকাশ করা হয়েছে। আমরা আশা করি যে এই তালিকা আপনার জন্য উপকারী হবে।

সতর্কতার নোটিশ!

যদি আপনার নিম্নলিখিত সমস্যাগুলি থেকে থাকে

- মর্টগেজ অথবা বাড়ীভাড়া বাকী পড়েছে
- গ্যাস অথবা ইলেকট্রিকের বিল দিতে পারেননি
- কাউন্সিলের টেক্স বাকী পড়েছে
- জলের কর বাকী পড়েছে
- কোর্টের জরিমানা দিতে হবে
- বাকীতে যে সব জিনিষ কিনেছেন তার পয়সা বাকী পড়েছে

এবং আপনি ভয় পাচ্ছেন যে

- আপনার নিজের বাড়ী হারাতে পারেন
- গ্যাস অথবা ইলেকট্রিকের লাইন কেটে দিতে পারে
- সাধ্যপাল(bailiff) আসার ভয়
- জেলে যাওয়ার ভয়
- আপনার জিনিষপত্র দখল করে নিয়ে যাবার ভয়

তাহলে এখনই উপদেশ(advice) নেওয়ার জন্য যান

৯টি সহজ ধাপে অবস্থার নিয়ন্ত্রণ(control) করার পদ্ধতি

১ নম্বর ধাপ	নিম্নলিখিত বিষয়গুলি সন্বন্ধে যত কাগজপত্র আছে সেগুলি নিয়ে বসুন - আয়/রোজগার - ব্যয়/ধারদেনা মেটানো ..... এবং একটা ক্যালকুলেটার
২ নম্বর ধাপ	কত টাকা রোজগার হচ্ছে এবং আপনার সংসার চালানোর জন্য কত টাকার দরকার তার একটা তালিকা তৈরী করুণ। সেই তালিকার নাম দিন **'ক'** তালিকা
৩ নম্বর ধাপ	এইবার দেখুন আপনার এখনও কত ধারদেনা বাকী আছে। বের করুণ এর মধ্যে কতগুলি "নিরাপদ(secured) ধার" - এর মানে হল এই যে যদি আপনি নিয়মমত ধার শোধ না করেন তাহলে এই সকল পাওনাদারদের আপনার কোন একটি জিনিষপত্র দখলের অধিকার আছে (বেশীরভাগ ক্ষেত্রেই এটা হল আপনার বাড়ী) যদি আপনার নিরাপদ(secured) ধার থেকে থাকে তাহলে এই ধারগুলি আপনাকে আগে শোধ করতে হবে। আপনার স্থানীয় কোন সংস্থা থেকে **এখনই উপদেশ (advice) নিন।**
৪ নম্বর ধাপ	এইবার আপনি বুঝতে পারছেন যে বাকী পাওনাদারদের দেনা শোধ করার জন্য কত টাকা আপনার কাছে আছে। আপনি ধার নেবার সময় পাওনাদারদের যত টাকা প্রত্যেক মাসে শোধ দেবেন বলে রাজী হয়েছিলেন এই বাকী টাকা হয়ত তার জন্য যথেষ্ট নয় এবং আপনার হয়ত পাওনাদারদের কাছে আরও বেশী দেনা হয়ে গেছে। এটা অত্যন্ত জরুরী যে আপনি অবিলম্বে পাওনাদারদের আপনার আর্থিক অবস্থার কথা জানান।
৫ নম্বর ধাপ	আপনার স্থানীয় সংস্থা যারা টাকা পয়সা এবং ধারদেনা সন্বন্ধে উপদেশ দিয়ে থাকে তাদের কাছ থেকে **এখনই উপদেশ (advice) নিন:** ১. তাদেরকে আপনার সমস্যাগুলি সন্বন্ধে বলুন। ২. কত টাকা রোজগার হচ্ছে এবং আপনার সংসার চালানোর জন্য কত টাকার দরকার তার যে একটা তালিকা তৈরী করেছেন সেটা তাদেরকে দেখান। ক) তারা আপনাকে আপনার পাওনাদারদের কাছে চিঠি লিখে আপনার সমস্যাগুলি কথা জানাতে সাহায্য করতে পারে। খ) আপনাকে আরও কিছু সময় দেবার জন্য পাওনাদারদের অনুরোধ করতে পারে। গ) আপনার ধার করা টাকার উপর পাওনাদারেরা যে সুদ নিচ্ছে সেটা সাময়িক ভাবে বন্ধ করার জন্য অনুরোধ করতে পারে। ঘ) আপনার দেনার পুরো হিসাব নিকাস পাওনাদারদের কাছে চাইতে পারে (বিশেষতঃ মূল কাগজপত্র যদি হারিয়ে যায়)।

৬ নম্বর ধাপ	আপনার অনুরোধের উত্তর আসা পর্যন্ত আপনার হাতে এখন মোটামুটি তিন সপ্তাহ সময় আছে। নিম্নলিখিত কাজগুলি করে এই সময়টাকে সদব্যবহার করুন: ১. পরীক্ষা করে দেখুন যে **'ক'** তালিকায় আপনি আয় এবং ব্যায়ের যে হিসাব তৈরী করেছেন তা সঠিক এবং বাস্তবিক(realistic)এবং এর মধ্যে সবকিছু ঢুকিয়েছেন ২. নিরাপদ(secured) ধারের ব্যাপারে উপদেশ এবং পরামর্শ নিন। ৩. এবং খোজ খবর করে দেখুন আপনার কোন বেনিফিট বা ভাতা পাওয়ার যোগ্যতা বা অধিকার আছে কিনা
৭ **নম্বর ধাপ**	এখন আপনি আপনার আয় এবং ব্যায়ের পরিস্থিতির অবস্থা সঠিক বুঝতে পারছেন। আপনার এখন সম্ভবতঃ আরও একটি **'ক'** তালিকা তৈরী করা প্রোয়োজন এই কারনে যে যদি কোন বাড়তি আয় এবং ব্যায়ের কথা আপনার মনে পড়ে থাকে। এই প্যাকেটের শেষের দিকে একটি বাড়তি তালিকা আপনার ব্যাবহারের জন্য তৈরী আছে।
৮ **নম্বর ধাপ**	আমরা আশা করি যে আপনার বেশীরভাগ পাওনাদারেরা আপনার অনুরোধ মেনে নেবে, কারণ এই ব্যবহারই যুক্তি সঙ্গত।
৯ **নম্বর ধাপ**	সবশেষে অবস্থার পুনর্বিবেচনা করার জন্য আপনি আপনার উপদেশদাতার সঙ্গে ৪ মাস পরে দেখা করার পরিকল্পনা করুন। আপনি তখন পরীক্ষা করে দেখতে পারবেন যে সবকিছু ঠিকমত চলছে, না কিছু অদল বদল করতে হবে।

আয়

	প্রত্যেক সপ্তাহে		প্রত্যেক মাসে
বেতন - নিজের			
- অংশীদারের(partner)			
বেনিফিটগুলি			
পেনশনগুলি			
ভরণপোষণ			
অনাশ্রিতদের(non-dependants) অবদান (contribution)			
অন্যান্য			
মোট =	৫২ ১২ =		

অত্যাবশ্যক ব্যায়

ভাড়া/মর্টগেজ			
সার্ভিস চার্জগুল্/গ্রাউন্ড রেন্ট			
জলের কর(water rate)			
কাউন্সিল ট্যাক্স			
ইনসিওরেন্স - বাড়ীর এবং বাড়ীর জিনিসের - জীবনবিমা			
ইলেকট্রিক বিল			
গ্যাস এবং অন্যান্য জ্বালানির বিল			
টেলিফোনের বিল			
টিভির লাইসেন্স এবং ভাড়া			
ভাড়া-খরিদ(hire-purchase) যেমন ফার্নিচার			
জাতায়াতের ভাড়া - নিজের - অংশীদারের/বাচ্চাদের			
গাড়ীর খরচ			
বাচ্চাদের দেখাশুনার খরচা			
ভরণপোষণের খরচা/জরিমানা			
সোসাল ফান্ডের দেনা			
কাপড়জামা (স্কুলের, ন্যাপি ইত্যাদি)			
খাবার (দুধ, স্কুলের লান্চ ইত্যাদি)			
বাড়ীর অন্যান্য সব খরচ(বাড়ী পরিস্কারের জিনিষপত্র সহ)			
স্বাস্থ্য জন্য খরচ (দাঁতের চশমা ইত্যাদি)			
বিবিধ এবং অন্যান্য খরচা			
মোট =	৫২ ১২ =		

মোট মাসিক আয় =

অত্যাবশ্যক ব্যায় =

বাড়তি টাকা =